

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

২/২৯/০৯৪/১৪৬০/১৪০

তারিখ

২২/৭/২০১৯

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
জুয়েলস্ অক্সফোর্ড কলেজ
নিউ ঢাকা রোড (রেলগেট)
ডাক-সিরাজগঞ্জ, উপজেলা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ

বিষয় : কৈফিয়ৎ তলব প্রসঙ্গে

সূত্র : অত্র শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত পরিদর্শন (তারিখ-১৬/০৩/২০১৯ খ্রীঃ)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, উল্লেখিত কলেজটি বাংলা ও ইংরেজী ভাষানে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি পায় গত ৩১/১০/২০১৬খ্রিঃ তারিখে। প্রবিধানমালা-২০০৯ এর ৪৮ ধারা মোতাবেক পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্তির সঙ্গে সঙ্গেই ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি গঠনের প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হয়। কিন্তু প্রতিষ্ঠানটিতে অদ্যাবধি বোর্ড কর্তৃক অনুমোদিত কোন কমিটি নেই। এছাড়াও, ইংরেজী ভাষানে বিগত দুই বছর ধরে কোন শিক্ষার্থী নেই। এদিকে, অত্র দপ্তরে রক্ষিত সংশ্লিষ্ট নথিতে কলেজটির জমির দলিল এবং খারিজ-খতিয়ানের কাগজ-পত্র নেই। এমনকি পরিদর্শনকালেও কলেজ কর্তৃপক্ষ প্রতিষ্ঠানটির জমির দলিল এবং খারিজ-খতিয়ানের কাগজ-পত্র দেখাতে পারেনি। অধিকন্তু, পরিদর্শনকালে প্রতিষ্ঠানের অধ্যক্ষকে পাওয়া যায়নি। উক্ত এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে কথা বলে জানা গেছে, তিনি (অধ্যক্ষ) প্রায়শই ঢাকায় অবস্থান করেন। এমতাবস্থায়, সঠিক সময়ে কমিটি গঠন না করা, বিতর্কিত জায়গায় কলেজ স্থাপন এবং কলেজ পরিচালনার ক্ষেত্রে উদাসীনতার কারণে প্রতিষ্ঠানটির পাঠদান সংক্রান্ত প্রাথমিক অনুমতি বাতিল করত: কেন তার সার্ভার সংযোগ অত্র বোর্ডের সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে বিচ্ছিন্ন করা হবেনা, তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। অন্যথায়, আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

২২/৭/১৯
মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

২২/৭/১৯

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

তারিখ

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
ফতেপুর কলিম উদ্দিন কলেজ
ডাক: জোকাহাট, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ

বিষয় : মঞ্জুরী নবায়ন প্রসঙ্গে

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-২৭/০৪/২০১৯

নির্দেশক্রমে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহে অত্র বোর্ড কর্তৃক আপনার মহাবিদ্যালয়ের স্বীকৃতি ০১/০৭/২০১৯ তারিখ হতে ৩০/০৬/২০২২ পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হ'ল।

আবশ্যিক বিষয় : (১) ইংরেজী (২) বাংলা (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
নৈর্বাচনিক বিষয়
(ক) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, যুক্তিবিদ্যা, ভূগোল, ইসলাম শিক্ষা।
(খ) ব্যবসায় শিক্ষা শাখা : ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, পরিসংখ্যান।
(গ) বিজ্ঞান শাখা : পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত।

উল্লেখ্য যে, অত্র বোর্ডের আর, এ-৬৫ এর বিধি অনুসারে শিক্ষা বৎসর আরম্ভের ৪ (চার) মাস পূর্বে নির্ধারিত ফরমে স্বীকৃতি নবায়নের দরখাস্ত অত্র বোর্ডে দাখিল করতে হবে।

শর্ত : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ছাত্র/ছাত্রীর সংখ্যা সন্তোষজনক ও ফলাফল উল্লেখযোগ্য সাপেক্ষে পরবর্তী মঞ্জুরী অনুমোদনের পদক্ষেপ গ্রহণ করা হবে।

মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর

তারিখ

- অনুলিপি: অবগতি:
- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
 - ২। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ
 - ৩। উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ
 - ৪। কলেজ নিবন্ধন শাখা, শিক্ষা বোর্ড রাজশাহী

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী